

আজ মানববন্ধন, লাল কাপড়ে ঢাকা হবে সব পলিটেকনিকের ফটক

ইতেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ১৯ এপ্রিল ২০২৫, ০৯:০৮



ছবি: সংগ্রহীত

UNIBOTS

ছয় দফা দাবি আদায়ে ও কুমিল্লার কর্মসূচিতে ‘হামলার’ প্রতিবাদে সব পলিটেকনিক ইনসিটিউটের ফটক লাল কাপড়ে ঢেকে দেওয়ার পাশাপাশি শিক্ষার্থীরা আজ মানববন্ধন কর্মসূচি পালন করবেন।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

শনিবার (১৯ এপ্রিল) সকালে দেশের সব পলিটেকনিক ইনসিটিউটে এ কর্মসূচি পালন করা হবে বলে শুরুবার রাতে ঘোষণা দিয়েছে আন্দোলনরত শিক্ষার্থীদের প্ল্যাটফর্ম কারিগরি ছাত্র আন্দোলন।

রাত ১টার দিকে পাঠানো এক বার্তায় শিক্ষার্থীদের প্ল্যাটফর্মের সেল সম্পাদক মো. সাবির আহমেদ বলেন, ‘কুমিল্লায় ন্যাকারজনক হামলার প্রতিবাদে ও কারিগরি শিক্ষার্থীদের অধিকার নিশ্চিত না হওয়ায় শনিবার সকাল সাড়ে ১১টায় প্রতিটি পলিটেকনিক ইনসিটিউটের মূল ফটক অনিদিষ্টকালের জন্য লাল কাপড় দিয়ে ঢেকে দেওয়া হবে।

‘পাশাপাশি কারিগরি সেষ্টেরের বৈষম্য ধ্বংস ও ছয় দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে জনদুর্ভোগ সৃষ্টি না করে মহাসড়কের দুই পাশে বা গুরুত্বপূর্ণ স্থানে শিক্ষার্থীরা প্ল্যাকার্ড হাতে মানববন্ধন করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও সরকারের দৃষ্টি আকর্ষণ কর্মসূচি পালন করবে।’

এর আগে শুরুবার দুপুরে ছয় দফা দাবি আদায়ে মাথায় কাফনের কাপড় বেঁধে গণমিছিল করেন পলিটেকনিক শিক্ষার্থীরা।

 মিছিল পরবর্তী এক ব্রিফিংয়ে কারিগরি ছাত্র আন্দোলনের প্রতিনিধি ১০ ঢাকা পলিটেকনিক ইনসিটিউটের শিক্ষার্থী জোবায়ের পাটোয়ারী বলেন, ‘সরকার কর্তৃপক্ষকে ব মেনে নিন আমরা রাজপথ ছেড়ে দেব। কুমিল্লা ভাইদের উপর তাদের সুচিকিৎসা নিশ্চিত করুন আমরা আপনাদের সঙ্গে আতে

কারিগরি ছাত্র আন্দোলনের প্রতিনিধি ও ঢাকা পলিটেকনিক দেওয়ান বলেন, ‘এই সরকার আমাদের সরকার, শিক্ষার্থীদের পূর্ণ সহযোগিতা করতে আমরা প্রস্তুত। কারিগরি শিক্ষা সেষ্টের করুক।’

বৃহস্পতিবার রাতে ঢাকা পলিটেকনিক ইনসিটিউটসহ দেশের বিভিন্ন পলিটেকনিক ইনসিটিউটের শিক্ষার্থীরা দাবি আদায়ে মশাল মিছিল করেন।

সে দিন সকাল থেকে দুপুর পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে দীর্ঘ বৈঠক করেও সন্তুষ্ট না হয়ে ছয় দফা দাবিতে তারা আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছিলেন।

বুধবার সকাল থেকে ছয় দফা দাবিতে রাজধানীর তেজগাঁওয়ের সাত রাস্তা, মোহাম্মদপুর ও মিরপুরসহ দেশের বিভিন্ন স্থানে সড়ক অবরোধ করেন পলিটেকনিক ইনসিটিউটের শিক্ষার্থীরা।

শিক্ষার্থীদের দাবিগুলো হল-

১. জুনিয়র ইলেক্ট্রিকট্রনিক্স পদে ক্রাফট ইলেক্ট্রিকট্রনিক্সের প্রমোশনের হাই কোর্টের রায় বাতিলসহ ক্রাফট ইলেক্ট্রিকট্রনিক্সের পদবি পরিবর্তন এবং ওই মামলার সঙ্গে সম্পৃক্ত সকলকে স্থায়ীভাবে চাকুরিচুত করা। ২০২১ সালের বিতর্কিত ক্রাফট ইলেক্ট্রিকট্রনিক্সের নিয়োগের জন্য নিয়োগবিধি অন্তিবিলম্বে বাতিল করা, সুষ্ঠু তদন্তের ভিত্তিতে নিয়োগ বাতিল করা এবং মামলার প্রধান কারিগর ক্রাফট ইলেক্ট্রিকট্রনিক্সের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া।

২. ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স চার বছর মেয়াদী অব্যাহত রাখা এবং মানসম্মত সিলেবাস ও কারিকুলাম আধুনিক বিশ্বের আদলে প্রণয়ন করা।

৩. উপ-সহকারী প্রকৌশলী ও সমমান (১০ম গ্রেড) পদে ৪ বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও মনোটেকনোলজি (সার্টেফিয়েড) হতে পাস করা শিক্ষার্থী ছাড়া অন্য কেউ আবেদন করতে পারবে না এবং এই পদ সংরক্ষিত করতে হবে। প্রাইভেট সেক্টরে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পাস করা ছাত্রদের ন্যূনতম ১০ম গ্রেডের বেসিক অর্থাৎ ১৬০০০ টাকা দেওয়া।

৪. কারিগরি শিক্ষা সংস্কার কমিটি প্রকাশ করে কারিগরি সেক্টর পরিচালনায় পরিচালক, উপ-পরিচালক, অধ্যক্ষ ও দায়িত্বে থাকা সকল পদে কারিগরি শিক্ষায় শিক্ষিত জনবলকে দায়িত্ব/নিয়োগ দেওয়া।

৫. কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিতর্কিত সকল নিয়োগ বিধিমালা সংশোধন এবং কারিগরি শিক্ষায় শিক্ষিত জনবল সকল শূন্য পদে পলিটেকনিক ও টিএসসিতে দক্ষ শিক্ষক ও দক্ষ ল্যাব সহকারীর নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা।

৬. ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং ও মনোটেকনোলজি থেকে পাস করা শিক্ষার্থীদের উচ্চশিক্ষার জন্য আধুনিক বিশ্বের আদলে একটি বিশ্ববিদ্যালয় তৈরি করার গেজেট পাস করতে হবে এবং বর্তমানে প্রস্তাবিত চারটি ইঞ্জিনিয়ারিং কলেজ (নওগাঁ, ঠাকুরগাঁও, নড়াইল, খাগড়াছড়ি) শতভাগ সিট নিশ্চিত করা।

UNIBOTS

ইত্তেফাক/পিএস